

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইসমাতুল আম্বিয়া, সাহাবায়ে কেরাম, তাকফীর, সুন্নাত ও ইমামাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ৩. ঈমানের দাবিদারকে কাফির বলার নিষেধাজ্ঞা

ঈমানের দাবিদারকে কাফির বলতে নিষেধ করে মহান আল্লাহ বলেন:

"হে মুমিনগণ, যখন তোমরা আল্লাহর পথে যাত্রা করবে তখন যাচাই করবে এবং যে ব্যক্তি তোমাদেরকে সালাম দেবে তাকে বলবে না যে, 'তুমি মুমিন নও।""[1]

বিভিন্ন সাহাবী থেকে বর্ণিত মুতাওয়াতির পর্যায়ের হাদীসে রাস্লুল্লাহ (ﷺ) বলেন:

"যদি কোনো ব্যক্তি তার ভাইকে কাফির বলে, তবে এ কথা দু জনের একজনরে উপর প্রযোজ্য হবে। যদি তার ভাই সত্যিই কাফির না হয় তবে যে তাকে কাফির বলল তার উপরেই কুফরী প্রযোজ্য হবে।"[2] ঈমানের দাবিদারকে কাফির বলা হত্যার মতই পাপ। রাস্লুল্লাহ (ﷺ) বলেন:

"কোনো মুমিনকে কুফরীতে অভিযুক্ত করা তাকে হত্যা করার মত অপরাধ।"[3]

ফুটনোট

- [1] সূরা ৪- নিসা: ৯৪ আয়াত।
- [2] বুখারী, আস-সহীহ ৫/২২৬৩-২২৬৪ (কিতাবুল আদব, বাবু মান আকফারা আখাহু); মুসলিম, আস-সহীহ ১/৭৯ (কিতাবুল ঈমান, বাবু বায়ানি হালি ঈমান মান কালা.. ইয়া কাফির)



[3] বুখারী, আস-সহীহ ৫/২২৪৭, ২২৬৪ (কিতাবুল আদাব, বাবুন নাহই আনিস সিবাব)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7199

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন